

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অফিস আদেশ

গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায় হতে যে সকল মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদন (soil investigation report) ডিজাইন দপ্তরে প্রেরণ করা হয়ে থাকে তার উপর ভিত্তি করে স্থাপনার কাঠামোগত নকশা প্রণয়ন করা হয় বিধায় মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদন তথ্যসমৃদ্ধ ও নির্ভরযোগ্য হওয়া প্রয়োজন। সে প্রেক্ষিতে মাঠ পর্যায় হতে প্রাপ্ত মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদন সমূহে ন্যূনতম পক্ষে নিম্নলিখিত তথ্য সমূহ অবশ্যই উপস্থাপন করতে হবে।

(ক) মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদনের কভার পৃষ্ঠা

- ১) কার্যপ্রদানকারী দপ্তরের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
- ২) প্রকল্প এবং নির্মিতব্য ভবনের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
- ৩) মৃত্তিকা পরীক্ষাকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
- ৪) মৃত্তিকা পরীক্ষাকালীন সময় (মাস ও বছর) উল্লেখ করতে হবে।

(খ) মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদনের ভূমিকা ও প্রাপ্ত ফলাফলের বিশ্লেষণ

- ১) ভূমিকা, উদ্দেশ্য, কার্যপরিধি এবং সাইট ও তার পারিপার্শ্বিক অবস্থার বর্ণনা প্রদান করতে হবে।
- ২) সম্পাদনকৃত field tests ও laboratory tests এর সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করতে হবে।
- ৩) Field tests ও laboratory tests হতে প্রাপ্ত ফলাফল যথাযথভাবে উপস্থাপন ও বিশ্লেষণ করতে হবে।
- ৪) প্রাপ্ত test results এর ভিত্তিতে সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রদান করতে হবে।

(গ) মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদনে field investigation এর উপস্থাপনীয় তথ্যাদি

- ১) স্যাটেলাইট ভিত্তিক মাপ হতে সাইট ও তার পার্শ্ববর্তী এলাকার চিত্র সংযোজন পূর্বক সাইটের অবস্থান স্পষ্ট করতে হবে।
- ২) নির্মিতব্য ভবনের অবস্থান প্রদর্শনপূর্বক অনুমোদিত লে আউট/মাটির প্র্যানে bore hole এর অবস্থান প্রদর্শন করতে হবে।
- ৩) Bore hole layout plan এবং bore log sheet এ বোর হোলের Reduced Level (RL) এবং Benchmark উল্লেখ করতে হবে।
- ৪) Water table এর অবস্থান এবং entrapped water এর তথ্য প্রদান করতে হবে।
- ৫) দু'টি ছেদ (section) এর মাধ্যমে ভূনিম্নস্থ মাটির বিভিন্ন স্তরের অবস্থা চিত্রের মাধ্যমে (graphical representation of soil stratification) উপস্থাপন করতে হবে।

মৃত্তিকা পরীক্ষার নির্ভরযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে field investigation চলাকালীন real time video চিত্র ধারণ পূর্বক মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদনের সাথে যুক্ত করে ডিজাইন দপ্তরে প্রেরণ করতে হবে। ভিডিও চিত্র ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

(ঘ) মৃত্তিকা পরীক্ষার ভিডিও চিত্র ধারণ

- ১) মৃত্তিকা পরীক্ষার গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে মৃত্তিকা পরীক্ষাকারী প্রতিষ্ঠানকে নিজ খরচে field investigation এর real time video চিত্রধারণ করতে হবে।
- ২) মৃত্তিকা পরীক্ষা সম্পাদনের পূর্বে নির্ধারিত সাইটের পারিপার্শ্বিক অবস্থা video ধারণের মাধ্যমে পরিষ্কারভাবে ফুটিয়ে তুলতে হবে।
- ৩) প্রতিটি বোর হোল এর মৃত্তিকা পরীক্ষা সম্পাদনের পূর্বে একটি ছোট white board এ bore hole layout plan প্রদর্শন পূর্বক সাইটে বোর হোলের নম্বর এবং অবস্থান নিশ্চিত করণের video চিত্র ধারণ করতে হবে।
- ৪) মৃত্তিকা পরীক্ষা সম্পাদনের পূর্বে উক্ত কাজে ব্যবহৃত মৃত্তিকা পরীক্ষার সরঞ্জাম (apparatus) সমূহের close video চিত্র ধারণ করতে হবে।
- ৫) প্রতিটি বোর হোলের বোরিং, SPT (N) value count, sample সংগ্রহ ও সংরক্ষণ এবং visual soil classification যেন পরিষ্কারভাবে বোধগম্য হয় এমনভাবে video চিত্র ধারণ করতে হবে।
- ৬) মাঠ পর্যায়ের দপ্তরের দায়িত্বপ্রাপ্ত একজন কর্মকর্তা (ন্যূনতম উপ-সহকারী প্রকৌশলী) কর্তৃক সরেজমিনে উপস্থিত থেকে video চিত্র ধারণের বিষয়টি নিশ্চিত করতে হবে।

(ঙ) সাধারণ নির্দেশাবলী

- ১) মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদনটি বিশেষত bore hole layout plan এবং bore log sheet সমূহ সংশ্লিষ্ট প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত এবং নির্বাহী প্রকৌশলীর কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।
- ২) প্রতিবেদনটি অবশ্যই সংশ্লিষ্ট মৃত্তিকা পরীক্ষাকারী প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত geotechnical engineer অথবা engineering geologist দ্বারা স্বাক্ষরিত হতে হবে।
- ৩) সকল তথ্য সম্বলিত বাধাহীন প্রতিবেদন এর ২(দুই) কপি (পিডিএফ ফরমেটেড সফট কপিসহ) ও ধারণকৃত ভিডিও এর ১টি CD মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক স্মারকের মাধ্যমে ডিজাইন দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৪) অন্যান্য বিশদ নির্দেশনার জন্য সংশ্লিষ্ট ডিজাইন বিভাগের সাথে পরামর্শ গ্রহণ অথবা Bangladesh National Building Code (BNBC) এর Part-6 Chapter-3 Article 3.3 এ বিবৃত guideline অনুসরণ করতে হবে।

প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় সম্মতিক্রমে এ সংক্রান্ত পূর্বের আদেশ (স্মারক নং- উও/পিপিএইচ-৪৩/৮৫(৭ম) ১১৫৭, তারিখ ০৫/০৭/২০০০ইং) বাতিলপূর্বক এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত
(ড. মোঃ মঈনুল ইসলাম, পিইঞ্জ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওরিপ্র)
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং- ডিসা-২/৮৬১

তারিখঃ ২১/০৪/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী----- জোন,-----
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী----- সার্কেল,-----
- ৩। নির্বাহী প্রকৌশলী----- গণপূর্ত বিভাগ, ২ ৮৫০৭
- ৪। নির্বাহী প্রকৌশলী ও স্টাফ অফিসার, প্রধান প্রকৌশলীর কার্যালয় (প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। নির্বাহী প্রকৌশলী (এম আই এস সেল), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা (গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য)

(মোঃ রফিকুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন সার্কেল-২
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

সার্কুলার

গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মিত/নির্মিতব্য স্থাপনাসমূহের কাঠামোগত নকশা প্রণয়নের জন্য বিভিন্ন সময়ে প্রাপ্ত মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদন সমূহের পর্যালোচনা ও মাঠ পর্যায়ের মূল্যায়নের ভিত্তিতে নিম্নলিখিত প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা পরীক্ষা করা হয়েছে।

SL No	Name of Company	Address	Telephone Number
01.	Housing and Building Research Institute (HBRI)	Mirpur, Dhaka	Tel: 02-9035057
02.	Bangladesh University of Engineering and Technology (BUET)	Dhaka	Tel: 02-55167228-57, Ext:7226
03.	Khulna University of Engineering and Technology (KUET)	Khulna	Tel: 041-769468-75
04.	Chattogram University of Engineering and Technology (CUET)	Chattogram	Tel: 031-714948, Mobile No.: 01765596552
05.	Rajshahi University of Engineering and Technology (RUET)	Rajshahi	Tel: 0721-750372
06.	Shahjalal University of Science and Technology (SUST)	Sylhet	Tel: 0821-713491, Ext:269
07.	Icon Engineering Services	49/1A, Level-3, PuranaPaltan Line, PuranaPaltan, Dhaka-1000, Bangladesh. E-mail: info@iconeng.com	Mobile No.: 01777775680 Tel: 02-9336764
08.	Ground Instrumentation & Engineering PTE LTD	House no-7 (5 th Floor) Road no-12, Sector-1, Uttara, Dhaka-1230	Mobile No.: 01711124276
09.	Engineering & Research Associates Limited (ERA)	22 North Road (Ground Floor) Dhanmondi (VuterGoli), Dhaka-1205. E-mail: info@era-bd.org	Mobile No.:01713084176
10.	M. Ahmed & Association Ltd.	#533 (1 st Floor-2B), Road #11, BaitulAman Housing Society Adabor, Mohammadpur, Dhaka-1207.	Tel: 02-9117589 Fax: 02-9114328
11.	Invariants	Flat-1A, House-325, Road-5 Mirpur DOHS, Dhaka-1216.	Mobile No.: 01711-739992 01714-179687
12.	North Bengal Sub-Soil Investigator	SP Ghat Bridge, Nataipara, Bogura-5800	Mobile No.: 01711-387068
13.	Techno Soil International	Hotel Golden Star (2 nd Floor), 284, Moghbazar, Dhaka-1217 E-mail: technosoilint.1985@gmail.com	Mobile No.: 01911385402 01710908876 Tel: 02-48312463
14.	Unique Boring & Engineering Ltd.	34, Green Road Nowab Mansion (3 rd Floor) Dhaka-1205.	Mobile No.: 01711524718 01711822552
15.	Alam GEO Technics Ltd.	119,NewElephant Road Dhaka-1205 .	Mobile No.: 01552376239
16.	Soil Survey	House No- 525, Road No-8/A Block-B Chandgaon R/A, Chattogram.	Mobile No.: 01835-557255 Tel: 031-670338
17.	Sub-Soil Engineering & Construction Co. Ltd.	Flat-5D, House-289/A, Road-15 Block-C, Bashundhara, R/A, Dhaka-1229	Mobile No.: 01711521381 01713046598
18.	Geo Soil And Structure	218, Sahera Tropical Center (6 th Floor), SUIT#1, BATA Signal, Elephant Road, Dhaka-1205	Mobile No.: 01683586089 01711014779
19.	GEO Technical Engineering Services	476/C,DIT Road (2 nd Floor), Azad Tower Malibag, Dhaka-1217.	Mobile No.: 01819202012 01643394504
20.	Sarkar Engineering and Consultancy	House#174/2(Ground Floor), Road#06, Janata Housing, Mirpur-01, Dhaka-1216 E-mail: sk_sarkar05@ymail.com	Mobile No.: 01710439553

উপরোক্ত বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

স্বাক্ষরিত
(ড. মোঃ মঈনুল ইসলাম, পিইঞ্জ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র)
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

তারিখঃ ২১/০৪/২০১৯খ্রিঃ

স্মারক নং-ডিআ-২/৮৬২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী----- জেন,-----
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী----- সার্কেল,-----
- ৩। নির্বাহী প্রকৌশলী----- গণপূর্ত ডিজাইন বিভাগ,----- ১
- ৪। নির্বাহী প্রকৌশলী ও স্টাফ অফিসার, প্রধান প্রকৌশলীর কার্যালয় (প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। নির্বাহী প্রকৌশলী (এম আই এস সেল), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা (গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য)।

(মোঃ রফিকুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন সার্কেল-২
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।